গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০১.১৮-২৯৫ তারিখ: ১২.০৯.২০১৮খ্রি:।

বিষয় : মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় ১৩.১২.২০১৭ খ্রি. তারিখের আদেশ অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম.সাইফুল্লাহ এর স্থগিতকৃত এমপিও ছাড়করণ ও তাঁর (জনাব কে.এম.সাইফুল্লাহ) স্বাক্ষরে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি উত্তোলনের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৯.১৭-৮০৭, তারিখ ২৪.১০.২০১৭ খ্রি:
(২) রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলার রায় তারিখ: ১৩.১২.২০১৭ খ্রি:
(৩) কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৬০.১৭/১৪ তারিখ:২৭.০৩.২০১৮খ্রি:
(৪) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০১.১৮-৯৫ তারিখ:০৫.০৬.২০১৮খ্রি:
(৫) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর আবেদন তারিখ:২০.০৬.২০১৮খ্রি:
(৬) কনটেম্পট পিটিশন নং-৩৫৯/২০১৮ এর রুলিং তারিখ:৩১.০৭.২০১৮ খ্রি.
(৭) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.৫.০৪.০০১.১৮-২৯২ তারিখ: ০৯.০৯.২০১৮ খ্রি.
(৮) প্যানেল আইনজীবির আইনগত মতামত তারিখ: ১১.০৯.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম.সাইফুল্লাহ এর সরকারি বেতন ভাতাদি (এমপিও) প্রদান সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ০৪ নং স্মারকের মর্ম মতে স্থগিত করা হয়।

০২. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম.সাইফুল্লাহকে বর্ণিত মাদরাসার উপাধ্যক্ষ/ জ্যৈষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার নির্দেশনা দেয়া হলে দায়িত্বরত অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম.সাইফুল্লাহ কর্তৃক এ নির্দেশনাটি চ্যালেঞ্জ করে মহামান্য আদালতে একটি রিট পিটিশন দায়ের করা হয়, যার নং-১৫৯৯২/২০১৭।

০৩. বর্ণিত রিট পিটিশন মামলায় ১৩.১২.২০১৭ খ্রি. তারিখে নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়:

'Pending hearing of the rule, let operation of the impugned memo dated 16.10.2017 and 24.10.2017 be stayed for a period of 06 (six) months from date.''

০৪. বর্ণিত রিট পিটিশন মামলার নির্দেশনা লঙ্ঘিত হওয়ায় পিটিশনার জনাব কে.এম.সাইফুল্লাহ কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক জনাব মো: বিল্লাল হোসেন সহ মোট ০৫ জনকে প্রতিপক্ষ করে একটি কনটেম্পট মামলা দায়ের করা হয়, যার নং- ৩৫৯/২০১৮। উক্ত কনটেম্পট মামলায় ৩১.০৭.২০১৮ খ্রি.তারিখে নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়:

"This court doth order and do issue a rule Nisi calling upon you the aforesaid contemner-Respondent to show cause on or before the 14th day of august, 2018, as to why a proceeding for contempt of Court should not be drawn up against them for non-compliance of the order dated 13.12.2017 passed by the High Court Division in writ petition No. 15992 of 2017 why they will not be punished for committing contempt of court.''

০৫. উল্লেখ্য যে, একই রিট পিটিশন মামলায় (১৫৯৯২/২০১৭) ২২.০৫.২০১৮ খ্রি. তারিখে ঘোষিত আদেশে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত ১৬.১০.২০১৭ খ্রি. এবং ২৪.১০.২০১৭ খ্রি. তারিখের পত্র দুটির কার্যকারিতাকে আরো ০৬ মাসের জন্য স্থগিত করা হয়। আদেশটি নিম্নরুপ:

''let the period of stay granted earlier by this court be extended for a further period of 06 (six) months from the date of expiry''
উল্লেখ্য যে, হিসেব মোতাবেক স্থগিতাদেশ ১২.১২.২০১৮ খ্রি. পর্যন্ত কার্যকর।

০৬. বর্ণিত রিট পিটিশন মামলার (১৫৯৯২/২০১৭) ১৩.১২.২০১৭ খ্রি. তারিখের নির্দেশনা অনুযায়ী জনাব কে.এম.সাইফুল্লাহ ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে বহাল থেকে শিক্ষক/কর্মচারীদের বেতন বিলে স্বাক্ষর সহ প্রতিষ্ঠানের সকল দায় দায়িত্ব পালন করতে পারবেন কি না? এ বিষয়ে আইনগত মতামত জানার জন্য সূত্রে বর্ণিত ০৭ নং স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হলে প্যানেল আইনজীবি সূত্রে বর্ণিত ০৮ নং স্মারকের মাধ্যমে নিম্নরুপ মতামত প্রদান করেন:

In such view of the fact, the writ petitioner of writ petition no. 15992 of 2017, the salary of Mr. Saifullah can be released and he can be give the countersigning power of singing the salary of the teachers and staffs of the Madrasah as per the order of the High court Division upto 12.12.2018 or till disposal of the writ petition or the order vacating the order of stay is allowed whichever is earlier.''

০৭. এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনার আলোকে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় ১৩.১২.২০১৭ খ্রি. তারিখের আদেশ অনুযায়ী ১২.১২.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অথবা হাইকোর্ট বিভাগের ১৩.১২.২০১৭ খ্রি. তারিখের আদেশ vacat না হওয়া পর্যন্ত ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম.সাইফুল্লাহ এর স্থগিতকৃত এমপিও ছাড়করণ ও তাঁর (জনাব কে.এম.সাইফুল্লাহ) স্বাক্ষরে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি উত্তোলনের নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। বিষয়টি জরুরিভাবে বিবেচ্য।

সংযুক্তি: আইনগত মতামত-০১ ফর্দ।

১২/৯/১৮
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ ,
শিক্ষা মন্ত্রণালয়,পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড , ঢাকা।

অনুলিপি :
০১. অতিরিক্ত সচিব (মাদরাসা ), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ , শিক্ষা মন্ত্রণালয়,পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড , ঢাকা।
০২. সভাপতি, হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদরাসা, থানা: মিরপুর, জেলা: ঢাকা।
০৩. জনাব কে.এম সাইফুল্লাহ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদরাসা, থানা: মিরপুর, জেলা: ঢাকা।
০৪. ব্যবস্থাপক ,অগ্রনী ব্যাংক লিমিটেড,শাখা মিরপুর ০১,ঢাকা ১২০১।
০৫. অফিস কপি।